গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনাল-৩ শাখা

নং- ৫৯.০০.০০০০.১১১.৯৯.০০৩.২১.২১৩

তারিখ- ০৩ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ **উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, রুমা বান্দরবান পরিদর্শন।**

সূত্রঃ এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২.১৩৪৬; তারিখ ০১.১১.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গত ১০/১২/২০২৩ তারিখে **বেলা** ১১ঃ০০ টার সময় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, রুমা, বান্দরবান পরিদর্শন করা হয়।



পরিদর্শন কালে আমার সাথে উপস্থিত ছিলেন জনাব দীপক কুমার সাহা, উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, বান্দরবান, জনাব ডাঃ অং চালু, সহকারী পরিচালক (সিসি), পরিবার পরিকল্পনা, বান্দরবান, জনাব শম্ভু চন্দ্র দেব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, থানচি এবং এ ইউনিয়নের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারী ।

সেবা ও প্রচার সপ্তাহ-২০২৩খ্রিঃ উপলক্ষ্যে ২য় দিনে শৈরাতন পাড়া বিভিন্ন কর্মসূচী পরিদর্শন করা হয়। শৈরাতন পাড়ার একটি বড় মাঠে চাঁদোয়া টাঙ্গিয়ে বেশ উৎসব মুখর পরিবেশে দেশীয় বাদ্য বাজিয়ে সেবা ও প্রচার সপ্তাহের ২য় দিন উদযাপন করা হয়। সেখানে এলাকার জনগনের মাঝে পরিবার পরিকল্পনা সংক্রান্ত সচেতনতামূলক বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়।



এরমধ্যে উল্লেখযোগ্য হলো একক গান, দলীয় গান, একক নৃত্য, দলীয় নৃত্য,ছোট ছোট নাটিকা ইত্যাদি।জনগনকে বিনোদন এর মাধ্যমে পরিবার পরিকল্পনা সংক্রান্ত গুরুত্বপূর্ন তথ্য এলাকার জনগনের মাঝে পৌছে দেওয়া হয়। পাশাপাশি সেবা গ্রহিতাদের সেবা প্রদান করা হয়।



উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, রুমা বান্দরবান পরিদর্শন প্রতিবেদন

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :-উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, রুমা, বান্দরবান।

০২। পরিদর্শনের তারিখ ও সময় :- ১০/১২/২০২৩খ্রিঃ সময়ঃ সকাল- ১১.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা

০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম :প্রযোজ্য নয়



০৪। **প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা** :-

(ক). ননক্লিনিক অধিক্ষেত্রে কর্মকর্তা - কর্মচারী কর্মরত ও শূণ্য পদ তালিকাঃ-

- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা =০১(এক) জন পদ শূণ্য।
- সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা =০১(এক) জন পদ শূণ্য।
- উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী =০৩(তিন) জন কর্মরত ও পদ শূণ্য নাই।
- পরিবার পরিকল্পনা পরিদর্শক =০৪(চার) জন কর্মরত ও পদ শূণ্য নাই।
- পরিবার কল্যাণ সহকারী =১২(বার) জন কর্মরত ও পদ শূণ্য নাই।
- অফিস সহায়ক =০১(এক) জন কর্মরত ও পদ শূণ্য নাই।

(খ) ক্লিনিক অধিক্ষেত্রে কর্মকর্তা - কর্মচারী কর্মরত ও শূণ্য পদ তালিকাঃ-

- মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি) =০১(এক) জন কর্মরত ও পদ শূণ্য নাই।
- সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা =০১(এক) পদ শূণ্য।
- অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর =০১(এক) জন কর্মরত ও পদ শূণ্য নাই।
- উপ সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার = ০২(দুই) জন কর্মরত ও পদ শূণ্য নাই।
- পরিবার কল্যাণ পরিদর্শিকা =০১(এক) জন কর্মরত ও ০৩(তিন)টি পদ শূণ্য আছে।
- অফিস সহায়ক =০১(এক) জন কর্মরত ও পদশূণ্য নাই।
- আয়া =০৩(তিন) জন কর্মরত ও পদ শূণ্য নাই।
- অফিস সহায়ক কাম নৈশ প্রহরী =০২(দুই) জন কর্মরত ও পদ শূণ্য নাই।

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি :- [illegible] উপস্থিত ছিলেন।

০৬। পরিদর্শনকালে কোন Stackholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ :



উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, রুমা বান্দরবান কেন্দ্রে উপস্থিত সেবা গ্রহিতাদের সাথে সেবার মান নিয়ে জিজ্ঞাসাবাদ করলে তারা সেবার মান সন্তোষজনক মর্মে জানান। কিন্তু যাতায়াত ব্যবস্থা ভাল না থাকায় তাদের এখানে এসে সেবা নিতে বেশ কষ্ট হয় বলে জানান। তাছাড়া এখানে কোনো স্থায়ী কেন্দ্র না থাকাতে তাদে চরম ভোগান্তিতে পড়তে হয়।



০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ(প্রযোজ্য ক্ষেত্রে) : আর্থিক বিষয়াদি পর্যবেক্ষন করা হয়নি, তবে ইউনিয়নে সরাসরি বাজেট প্রদান করা হয় কি না জানতে চাইলে উপজেলাা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রুমা বলে যে, বাজেট ইউনিয়নে প্রেরন করা হয়না, তবে মালামাল চাহিদা দিলে উপজেলা কে সরবরাহ করা হয়। এ বিষয়ে বাজেট সরাসরি ইউনিয়নে প্ররনের জন্য উপজেলাা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রুমাকে অনুরোধ করা হয়।

০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা :- সন্তোষজনক।

০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা :- কেন্দ্রটি অনেক পুরনো ও জরাজীর্ন। বেশকিছু দরজা, জানালা ভাঙ্গা এবং ছাদ এর কিছু অংশ ধসে পড়েছে।

১০। প্রতিষ্ঠানের ব্যবহৃত আসবাব পত্রের বাস্তব অবস্থা :- সন্তোষ জনক।

১১। কোন সমস্যা/চাহিদা :দূর্গম এই পাহাড়ি এলাকায় মোবাইল ফোন এবং ইন্টারনেট নেটওয়ার্ক দুর্বল থাকায় স্বাস্থ্য কর্মীদের সেবা গ্রহিতাদের তথ্য সংগ্রহ এবং তথ্য প্রদান করতে বেশ সমস্যায় পড়তে হয় । কেন্দ্রটিতে বর্জ ব্যবস্থাপনার প্লান্ট নাই।

১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ :রুমা উপজেলা বান্দরবান জেলার ৭ টি উপজেলার মধ্যে অন্যতম বড় উপজেলা। এটি একটি দূর্গম পাহাড়ি এলাকা। এ উপজেলায় বর্তমানে ৪টি ইউনিয়ন রয়েছে।৪টি ইউনিয়নের মধ্যে শুধুমাত্র ২টি ইউনিয়নে স্থায়ী স্বাস্থ্য কমপ্লেক্স(এফডব্লিউসি)রয়েছে ।সদর ইউনিয়ন তার মধ্যে একটি।সদর ইউনিয়নের পক্ষ হতে শৈরাতন পাড়ায় অস্থাহী ক্যাম্প তৈরি করে প্রচার ও সেবা সপ্তাহ ২০২৩ এর ২য় দিন উদযাপন করছে।

রুমা উপজেলা মোট জনসংখ্যা ২৯০৯৮ জন। এ উপজেলায় ১১ উপজাতি নৃ-গোষ্ঠীর বসবাস। **এ জনগোষ্ঠীর সেবার মান নিশ্চিতকরনের লক্ষে একটি অত্যাধুনিক স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন করা অত্যন্ত জরুরি।**

নব নির্মিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম পরিচালনার জন্য সরকারী ভাবে অনুমোদন থাকা সত্ত্বেও রুমা সদর ক্লিনিকের জন্য এখন পর্যন্ত কক্ষ বরাদ্দ পাওয়া যায়নি।এ বিষয়ে জরুরি ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে অনুরোধ করা যেতে পারে।

০৩.০২.২০২৪
পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

নাসরিন পারভীন
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।